# ঢাকা বোর্ড-২০১৫

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

১. ▶ ঘটনাটি সাম্প্রতিক সময়ের, গ্রামের নয়, আলো ঝলমলে শহরের। বিয়ের তিন মাসের মাথায় অমানবিক নির্যাতনের শিকার হয়ে তৃষা এখন হাসপাতালে আর তার স্বামী বিপ্লব নারী নির্যাতনের মামলায় কারাগারে। বিপ্লব উচ্চ শিক্ষিত ও সম্পদশালী-তৃষাও। শ্বশুরের কাছে বিয়ের পর থেকেই বিপ্লব একটি নতুন গাড়ি প্রাপ্তির জন্য স্ত্রীর ওপর ক্রমাগত চাপ দিচ্ছিল-তৃষার ইঙ্গিতে তার বাবা এ হীন চাপকে উপেক্ষা করে আসছিলেন।

ক. 'দেনাপাওনা' গল্পটি লেখকের কোন গ্রন্থ থেকে সংকলিত? ১

খ. 'নিরূ বাপের মুখ দেখিয়া সব বুঝিতে পারিল'— ব্যাখ্যা কর। ২

গ. সময়ের পরিবর্তন হলেও গ্রাম কিংবা শহরে সমস্যা আজও একই — উদ্দীপক ও 'দেনাপাওনা' গল্পের আলোকে সমস্যাটি চিহ্নিত কর। ৩

ঘ. 'বিপ্লবের বিরুদ্ধে নেয়া পদক্ষেপগুলোই পারে নিরূ বা তৃষাদের করুণ পরিণতি থেকে মুক্তি দিতে'।— আলোচনা কর। ৪

২. ▶ স্তবক-১: পদে পদে ছোট ছোট নিষেধের ডোরে
বেঁধে বেঁধে রাখিওনা ভালো ছেলে করে।

স্তবক-২ : শাবাশ বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়;
জ্বলে-পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

ক. ধনবৃদ্ধির কয়টি উপায়? ১

খ. 'পাস বিক্রয়' বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের স্তবক-১ 'নিরীহ বাঙালি' প্রবন্ধের সাথে সাদৃশ্যপূর্ণ— ব্যাখ্যা কর। ৩

ঘ. বেগম রোকেয়ার প্রত্যাশাই স্তবক-২ এ প্রতিফলিত হয়েছে - বিশ্লেষণ কর ।৪

৩. ▶ দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা পশ্চাৎপদ জনগোষ্ঠী তথা কৃষ্ণাঙ্গদের নিয়ে অধিকার আদায়ের জন্য আজীবন সংগ্রাম করেছেন। সেদেশের জনসংখ্যার অনুপাত কৃষ্ণাঙ্গ ৮৪%, শ্বেতাঙ্গ ১৬%। এই ক্ষুদ্র জনগোষ্ঠী শ্বেতাঙ্গরাই দেশটিকে তিনশতাধিক বছর শাসন করে। রাজশক্তির বিরুদ্ধে নেলসন ম্যান্ডেলা আন্দোলনে নেতৃত্বে দেন। এজন্য তাকে প্রায় ২৮ বছর জেল খাটতে হয়। দমে যাননি ম্যান্ডেলা, সার্থক তাঁর জীবন সংগ্রাম।

ক. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন'– এ প্রবন্ধকারের কোন মানসিকতা ফুটে উঠেছে? ১

খ. আমাদের এত অধঃপতনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন'– প্রবন্ধের ভদ্র সম্প্রদায়ের সাথে উদ্দীপকের শেতাঙ্গাদের মানসিকতার সাদৃশ্য দেখাও। ৩

ঘ. কৃষ্ণাঙ্গদের নেতা ম্যান্ডেলা এবং ছোটলোকদের নেতা মহাত্মাগান্ধী যেন এক ও অভিন্ন— মূল্যায়ন কর। ৪

## খ অংশ — পদ্য

৪. ▶ বাংলার নদী কি শোভাশালিনী
কি মধুর তার কুল কুল ধ্বনি
দু'ধারে তাহার বিটপীর শ্রেণি
হেরিলে জুড়ায় হিয়া।

ক. মাইকেল মধুসূদন দত্তের অমরকীর্তি কোন কাব্যটি? ১

খ. 'দুগ্ধ স্রোতোরূপী তুমি জন্মভূমি স্তনে'– ব্যাখ্যা কর। ২

গ. 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের সাথে উদ্দীপকের মূলভাবের সাদৃশ্য বর্ণনা কর। ৩

ঘ. 'কপোতাক্ষ নদ কবিতার পরিণতির দিকটি উদ্দীপকে অনুপস্থিত — বিশ্লেষণ কর। ৪

৫.▶ মানুষ সৃষ্টির সেরা জীব। মানবজীবন নাতিদীর্ঘ। মানুষ স্বীয় কর্মের জন্য সাফল্য, ব্যর্থতায় পর্যবসিত হয়। ভোগ, লোভ-লালসার চিন্তায় মানুষ ব্যর্থতা অর্জন করে। পক্ষান্তরে ত্যাগ, ধৈর্য ও সহিষ্ণুতার মাধ্যমে মানুষ সফলতা অর্জন করে।

ক. 'ধ্বজা' শব্দের অর্থ কী? ১

খ. "আয়ু যেন শৈবালের নীর"— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. 'জীবন সঙ্গীত' কবিতায় কবি ব্যর্থতার যে বর্ণনা দিয়েছেন উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সাফল্য অর্জনে চাই-ত্যাগ, ধৈর্য ও সহিষ্ণুতা'— উদ্দীপক ও 'জীবন সঙ্গীত' কবিতা অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬.▶ শহরের এক উন্নতমানের হাসপাতালে চিকিৎসা চলছে রকিবের। ঘণ্টায় ঘণ্টায় ডাক্তার, নার্সের নিশ্চিত উপস্থিতি, পর্যাপ্ত ওষুধ-পথ্য কোনোকিছুই মায়ের মনকে শান্ত করতে পারছে না। রকিবের মাথার পাশে এক মনে তসবি জপছেন মা। তাঁর মনে হাজারো আশা ও আশঙ্কা উঁকি মারছে।

ক. 'আড়ং' শব্দের অর্থ কী? ১

খ. উদ্দীপকের রকিবের সাথে 'পল্লিজননী' কবিতার অসুস্থ শিশুটির অবস্থার বৈসাদৃশ্য দেখাও। ২

গ. মা নামাজের ঘরে মোমবাতি আর দরগায় দান মানেন কেন? ৩

ঘ. গ্রামীণ ও শহুরে দুই মা-এর আশা ও আশঙ্কা একই অনুভূতিতে গাঁথা— মূল্যায়ন কর। ৪

## গ অংশ — সহপাঠ

৭.▶ এক দারুণ সাহসী সময় ছিল ১৯৭১। সাহস ও সংগ্রাম, লক্ষ্য অর্জনে দৃঢ় সংকল্প আর বিশাল আত্মত্যাগে পুরো বাঙালি জাতিই ছিল বিশ্বব্যাপী সংবাদ শিরোনাম। এ পথ পেরিয়েই আমাদের আজকের গৌরবদীপ্ত বাংলাদেশ। এ আমাদের বড় অহংকার।

ক. নোলক বুয়া বুধাকে কী নামে ডাকত? ১

খ. 'গণকবর' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'এ পথ পেরিয়েই আমাদের আজকের গৌরবদীপ্ত বাংলাদেশ'— কাকতাড়ুয়া উপন্যাসের আলোকে ঐ পথের স্বরূপ বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ ১৯৭১ সাল। আমাদের ইতিহাসের এক গৌরবময় অধ্যায়। নির্যাতন, হত্যা, বাড়িঘর পুড়ে যাওয়া স্বচক্ষে দেখে দেশবাসী। তাঁদের মনে প্রতিরোধ ও প্রতিশোধের বাসনা জাগে। তাঁরা দৃঢ় প্রতিজ্ঞ, শত্রুর মোকাবেলা করে দেশকে মুক্ত ও স্বাধীন করবে।

ক. বুধার মা বাবার কবর কে পরিষ্কার করে? ১

খ. 'ভয়' কী – স্রোত ও কবে ভুলে গেছে। কেন ভুলে গেছে? ব্যাখ্যা কর। ২

গ. "কাকতাড়ুয়া' উপন্যাসটি আমাদের ইতিহাসের এক গৌরবময় দলিল' উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের মূলভাব যেন 'বুধা' চরিত্রের প্রতিচ্ছবি বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ স্তবক-১: মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না?

স্তবক-২ : বল কি তোমার ক্ষতি
জীবনের অথৈ নদী—
পার হয় তোমাকে ধরে —
দুর্বল মানুষ যদি?

ক. বহিপীর নাটকের শেষ সংলাপটি কার? ১

খ. 'এমন মেয়েও কারো পেটে জন্মায় জানতামনা'— কথাটি বলার কারণ কী? ২

গ. জমিদারী হারাতে বসা হাতেম আলির কাছে বহিপীরের প্রস্তাব স্তবক-১ এর 'সহানুভূতি' শব্দটির রূপক হতে পারে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. তাহেরার প্রতি হাশেমের মনোভাব স্তবক-২ এর আলোকে মূল্যায়ন কর। ৪

# ঢাকা বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা    বিষয় কোড: ১০১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'ঝর্ণা' কোন পাখির বোল সাধে?
ক) বুলবুলি খ) শালিক গ) টিয়া ঘ) চাতক

২. নাটকের প্রাণ হলো—
ক) ভাব খ) ভাষা গ) সংলাপ ঘ) চরিত্র

৩. প্রাচীনকাল থেকে 'বাংলা নববর্ষ' উদ্‌যাপনের ধারণা তৈরি হয়—
ক) হিন্দু মুসলমানের কথা ভেবে
খ) ব্যবসায়ীদের কথা চিন্তা করে
গ) ধর্মীয় সংকীর্ণতার বৃত্ত অতিক্রম করে
ঘ) ফসল উৎপাদনের সংগে সামঞ্জস্য রক্ষা করে

**উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

'যখন হানাদার বধ সংগীতে
ঘৃণার প্রবল মন্ত্রে জাগ্রত
স্বদেশের তরুণ হাতে
নিত্য বেজেছে অবিরাম
মেশিনগান, মর্টার, গ্রেনেড—

৪. উদ্দীপকের তরুণ 'সাহসী জননী বাংলা' কবিতার কাদের প্রতিরূপ—
i. নীল কমলদের  ii. মুক্তিযোদ্ধাদের
iii. বাঙালিদের
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. উদ্দীপকের অনুভবের সাথে 'সাহসী জননী বাংলা' কবিতার কোন পঙ্ক্তির সাদৃশ্য রয়েছে?
ক) তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয় মাসে
খ) কার রক্ত ছুঁয়ে শেষে হয়ে গেল ঘৃণার কার্তুজ
গ) খেলেছি, মেরেছি সুখে.. কান কেটে দিয়েছি তোদের
ঘ) গ্রেনেড উঠেছে হাতে .... কবিতার হাতে রাইফেল

৬. 'হাড্ডিসার অনাথ কিশোরী' কোথায় বসে আছে?
ক) দগ্ধ ঘরে খ) পথের ধারে
গ) বাস্তুভিটায় ঘ) ভগ্নস্তূপে

৭. 'এক ঝাঁক নক্ষত্র নেমে এসেছে'। এখানে নক্ষত্র বলতে বোঝানো হয়েছে 'নিম গাছের'—
ক) পাতাকে খ) ফুলকে গ) কাণ্ডকে ঘ) ডালকে

৮. 'বলিবেন খোদা— ক্ষুধিত বান্দা গিয়াছিল তব ধারে,
মোর কাছে তুমি ফিরে পেতে তাহা যদি খাওয়াতে তারে'
উদ্দীপকের বক্তব্যের সাথে 'মানুষ' কবিতার ভাবগত সাদৃশ্য রয়েছে যে পঙ্ক্তিতে—
i. 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'
ii. 'নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি
iii. তব মসজিদ মন্দিরে প্রভূ নাই মানুষের দাবী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. 'এক সাথে আছি এক সাথে বাঁচি, আজও এক সাথে থাকবোই' এতে প্রকাশ পেয়েছে বাঙালি জাতির—
i. অসাম্প্রদায়িকতা  ii. স্বজাত্যবোধ
iii. সাম্যবাদিতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. 'পালামৌ' রচনায় কারা খোঁপা বেঁধেছে?
ক) কোল যুবতীরা খ) কোল বালকেরা
গ) কোল যুবকরা ঘ) কোল বৃদ্ধরা

১১. 'চপল পায় কেবল ধাই'— এ বক্তব্যে ফুটে উঠেছে ঝর্ণার—
ক) সৌন্দর্যপ্রীতি খ) প্রকৃতিচেতনা
গ) গতিময়তা ঘ) শঙ্কাহীনতা

১২. রাজ্য স্থাপন করা অপেক্ষা কোনটি সহজ?
ক) শোকসভার সভ্য হওয়া খ) বি. এস. সি পাস করা
গ) রায়বাহাদুর উপাধি লাভ ঘ) রাজা উপাধি লাভ

১৩. 'বিচিত্র প্রবন্ধ' গ্রন্থটি কে লিখেছেন?
ক) রবীন্দ্রনাথ ঠাকুর
খ) প্রমথ চৌধুরী
গ) মোতাহের হোসেন চৌধুরী
ঘ) মোহাম্মদ ওয়াজেদ আলী

১৪. 'বই পড়া' প্রবন্ধে লেখকের মতে কোথায় দর্শনের চর্চা করা যায়?
ক) জাদুঘরে খ) গুহায় গ) মন্দিরে ঘ) লাইব্রেরিতে

১৫. 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় 'কপালে কব্জিতে লালসালু বেঁধে কারখানা থেকে যে লোহার শ্রমিক এসেছিল'— এখানে 'লালসালু' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) সংগ্রামী চেতনা খ) প্রতিবাদ
গ) বিদ্রোহী ঘ) প্রতিরোধ

**উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**

পৌষের কাছাকাছি
রোদমাখা সেইদিন
ফিরে আর আসবে কি কখনো?

১৬. 'কপোতাক্ষ নদ' কবিতার কোন বিষয়টি উদ্দীপকে প্রকাশ পেয়েছে?
ক) আত্মনিবেদন খ) স্মৃতিকাতরতা
গ) দেশপ্রেম ঘ) প্রকৃতিপ্রেম

১৭. উদ্দীপকের মূল বক্তব্য নিচের কোন চরণে ফুটে উঠেছে?
ক) সতত তোমার কথা ভাবি এ বিরলে
খ) আর কি হে হবে দেখা? যতদিন যাবে।
গ) লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে।
ঘ) জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে!

১৮. দেশের অধিবাসী নিয়েই—
ক) সম্প্রদায় খ) জাতি গ) দেশ ঘ) সমাজ

১৯. পাটুনির বাক্যে দেবী মনে মনে হাসলেন কেন?
ক) বিনয়ের কারণে খ) বর প্রার্থনা করায়
গ) দেবীর পিছু নেওয়ার ঘ) দেবীকে নদী পার করায়

২০. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'
এ প্রবাদটির মূলভাবের প্রতিফলন আছে কোন চরণে?
ক) সংসার সমরাঙ্গনে যুদ্ধ কর দৃঢ়পণে
খ) কর যুদ্ধ বীর্যবাণ যায় যাবে যাক প্রাণ
গ) সংকল্প করেছ যাহা, সাধন করহ তাহা
ঘ) করো না মানবগণ, বৃথা ক্ষয় এ জীবন

২১. হাতেম আলীর কোথায় জমিদারী ছিল?
ⓚ সুনামগঞ্জে ⓚ ভাটি এলাকায়
ⓖ ডেমরা অঞ্চলে ⓖ রেশমপুরে

২১. হাতেম আলীর কোথায় জমিদারী ছিল?
(ক) সুনামগঞ্জে (খ) ভাটি এলাকায়
(গ) ডেমরা অঞ্চলে (ঘ) রেশমপুরে

২২. কোন উপন্যাসের জন্য বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রবীন্দ্র পুরস্কারে ভূষিত হন?
(ক) ইছামতি (খ) পথের পাঁচালী
(গ) অপরাজিত (ঘ) আরণ্যক

২৩. মঙ্গলকাব্যকে উপন্যাস বলা যায় না কারণ—
i. ছন্দে রচিত তাই
ii. গদ্যভাষায় লিখিত নয় বলে
iii. মধ্যযুগে রচিত হওয়ায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
চা শ্রমিক মালতি, বাগানের ডাক্তার বাবুকে দেখে তার মনে স্বপ্ন জাগে, ছেলে কাশুকে ডাক্তারী পড়ানোর; তাই কাশুকে বাগানের কাজে না দিয়ে স্কুলে ভর্তি করে দিতে চাইলে বাগানের বড় বাবু ব্যঙ্গ করে বলেন— 'বামন হয়ে চাঁদ ধরার শখ!'

২৪. বড় বাবুর মানসিকতার সাথে সাদৃশ্য রয়েছে—
(ক) অধর রায়ের (খ) ঠাকুর দাসের
(গ) মুখুয্যেমহাশয়ের ছেলের (ঘ) ভট্টাচার্য মহাশয়ের

২৫. এ সাদৃশ্য ফুটে উঠেছে নিচের কোন বাক্যটিতে?
(ক) মাকে নিয়ে নদীর চড়ায় পুঁতে ফেল গে যা
(খ) শোন আবদার, আমারই কত কাঠের দরকার
(গ) তোদের জেতে আবার কে কবে পোড়ায় রে।
(ঘ) সব ব্যাটারাই এখন বামুন কায়েত হতে চায়

২৬. নাটক কয়টি পর্বে বিভক্ত থাকে?
(ক) পাঁচটি (খ) চারটি (গ) তিনটি (ঘ) দুইটি

২৭. 'পা পিছলিয়ে তলিয়ে যদি যাই
মন্দ নেহাত হয়না কিন্তু তায়'—
উদ্ধৃতাংশে অন্ধবধূর কী মনোভাব প্রকাশ পেয়েছে?
(ক) অভিমান (খ) রাগ (গ) সংশয় (ঘ) বিরক্তি

২৮. ছেরাদ্দের নেমতন্ন খেতে রাত্তির বেলা গিন্নি সেন বাড়ি গেলেন। এখানে নিম্নলিখিত চিহ্নিত শব্দগুলোকে 'বাঙলা শব্দ' প্রবন্ধের আলোকে বলা যায়—
(ক) তৎসম (খ) তদ্ভব (গ) অর্ধ-তৎসম (ঘ) দেশী

২৯. মানিক বন্দ্যোপাধ্যায় মাত্র একুশ বছর বয়সে কোন উপন্যাস রচনা করেন?
(ক) সহরতলী (খ) দিবারাত্রির কাব্য
(গ) জননী (ঘ) চিহ্ন

৩০. 'পল্লিজননী' কবিতায় ছেলে কার সাথে খেলতে চায়?
(ক) রহিমের (খ) করিমের
(গ) আজিজের (ঘ) কৃষাণ ছেলের

৩১. 'হুদায়বিয়া' হলো একটি—
(ক) নগরী (খ) উর্বর প্রদেশ
(গ) যুদ্ধক্ষেত্র (ঘ) সন্ধিপত্র

৩২. 'প্রাণ' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
(ক) চিত্রা (খ) মানসী
(গ) বলাকা (ঘ) কড়ি ও কোমল

৩৩. তাহেরা ও হাশেম আলি পালিয়ে গেলে বহিপীর তাদের তাড়া করতে নিষেধ করেন। এতে তার চরিত্রে প্রকাশ পায়—
i. ধৈর্য্যশীলতা ii. বুদ্ধিমত্তার
iii. বাস্তবজ্ঞানের
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii (গ) i ও iii (ঘ) ii ও iii

উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ধনাঢ্য ব্যবসায়ী আমজাদ সাহেবের ছেলে বিপ্লব প্রকৃত শিক্ষা অর্জনে আগ্রহী কিন্তু অর্থলিপ্সু বাবা তা পছন্দ করেন না। তিনি চান ছেলে কোনমতে কোন একটা সার্টিফিকেট অর্জন করে অর্থ উপার্জনের জন্য তার ব্যবসা দেখাশুনা করুক।

৩৪. উদ্দীপকের বিপ্লবের মানসিকতার সাথে শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিক হলো, বিপ্লব—
(ক) অন্ন চিন্তা থেকে মুক্তি পেতে চায়
(খ) মানব সত্তার ঘরে উন্নিত হতে চায়
(গ) বাহিরের আলো হাওয়ার স্বাদ পেতে চায়
(ঘ) মনুষ্যত্বের আহ্বানে সাড়া দিয়েছে

৩৫. উল্লিখিত বিষয়ের আলোকে আমজাদ সাহেব সম্পর্কে বলা যায়—
i. তিনি অর্থ সাধনাকে জীবন সাধনা মনে করেন
ii. তাঁর জীবনে শিক্ষার অপ্রয়োজনীয় দিকের অনুপস্থিতি
iii. তিনি ছোট জিনিসের মোহে বড় জিনিস হারাতে দুঃখ করেন না
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩৬. ১৬ ডিসেম্বর, ১৯৭১ দিনটি কী বার ছিল?
(ক) বুধবার (খ) বৃহস্পতিবার
(গ) শুক্রবার (ঘ) শনিবার

৩৭. 'সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে।'— এতে প্রকাশ পেয়েছে—
(ক) প্রাকৃতিক সৌন্দর্য (খ) প্রকৃতির রহস্যময়তা
(গ) মানুষের স্বপ্নময়তা (ঘ) প্রকৃতি শাশ্বত রূপের

৩৮. 'আজিকে বাহিরে শুধু ক্রন্দন ছলছল জল ধারে
বেণু বনে বায়ু নাড়ে এলোকেশ মন যেন চায় কারে।'
এ চরণদ্বয়ের সাথে সাদৃশ্যপূর্ণ হলো—
(ক) বিদ্যুৎ রূপসী পরি মেঘে মেঘে হয়েছে সওয়ার
(খ) বর্ষণমুখর দিনে অরণ্যের কেয়া শিহরায়
(গ) রৌদ্রদগ্ধ ধানক্ষেত আজ তার স্পর্শ পেতে চায়
(ঘ) তৃষিত বনের সাথে জেগে উঠে তৃষাতপ্ত মন

৩৯. 'যুদ্ধ ছাড়াও মরণ থাকে'— এখানে 'মরণ' বলতে কী বোঝানো হয়েছে?
(ক) পরাধীনতাকে (খ) আশ্রয়হীনতাকে
(গ) ক্ষুধাকে (ঘ) মমতাহীনতাকে

৪০. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবির গায়ে কী লেগে আছে?
(ক) টলমল শিশির (খ) ধানের মঞ্জরী
(গ) মাটির সুবাস (ঘ) জমিনের ফুল

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | গ |